

প্রেস বিজ্ঞপ্তি

**অনুমোদনবিহীন জ্যামার, বুস্টার ও রিপিটার এর বিক্রয় ও ব্যবহার বন্ধে বিটিআরসি'র অভিযান।
বিপুল পরিমাণ সরঞ্জাম জব্দ এবং বন্ধ হচ্ছে সংশ্লিষ্ট অনলাইন সাইট।**

ঢাকা, ১৮ মে, ২০২২, বুধবার।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন টিম ও র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (RAB) এর যৌথ অভিযানে গত ১৮/০৪/২০২২ থেকে ১৫/০৫/২০২২ ইং পর্যন্ত রাজধানীর বিভিন্ন মার্কেট থেকে বিপুল পরিমাণ অনমোদনহীন জ্যামার, বুস্টার ও রিপিটারসহ ০৫ (পাঁচ) জন অবৈধ টেলিযোগাযোগ সামগ্রী বিক্রয়তাকে আটক করা হয়েছে।

গত ১৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে রাজধানীর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মার্কেটের রহিম ইলেকট্রনিক্স, তেজকুনি পাড়া, তেজগাঁও এর মধুমতি ইনকিউবেটর এন্ড ইলেকট্রিক এবং এলিফ্যান্ট রোডস্থ মাল্টিপ্ল্যান কম্পিউটার সিটি সেন্টারের ফেমাস ডিশন লিমিটেড নামক প্রতিষ্ঠানে বিটিআরসি এবং র‍্যাব-১০ এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করা হয়েছে। উক্ত অভিযান সংশ্লিষ্ট দোকান হতে সর্বমোট ০৮ (আট) টি জ্যামার, ৩০ (ত্রিশ) টি বুস্টার এবং ০১ (এক)টি রিপিটার জব্দ করা হয় এবং এ সকল অবৈধ টেলিযোগাযোগ সামগ্রী বিক্রির অপরাধে ০৩ (তিন) জনকে গ্রেফতার করা হয়েছে। এ বিষয়ে রাজধানীর পল্টন এবং তেজগাঁও থানায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী পৃথক ০২ (দুই) টি মামলা করা হয়েছে।


পরবর্তীতে গত ১৫/০৫/২০২২ খ্রিঃ তারিখে রাজধানীর মোহাম্মদপুর এলাকায় আইটি স্টল ডট কম বিডি এবং ই-কমার্স ফেসবুক ওয়েবসাইট পেইজ এর মাধ্যমে অবৈধ জ্যামার, বুস্টার এবং রিপিটার বিক্রয়কারীদের বিরুদ্ধে বিটিআরসি এবং র‍্যাব-০৩ এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ০৪ (চার) টি জ্যামার, ০৩ (তিন) টি বুস্টার, ০৪ (চার) টি AC ADAPTER, ২৪ (চব্বিশ) টি জ্যামার এন্টিনা, ০৯ (নয়) টি পাওয়ার ক্যাবল বুস্টার এর আউটডোর এন্টিনা, ২৬ (চাব্বিশ) টি বুস্টার এর ইনডোর এন্টিনা, ৩৭ (সাতত্রিশ) টি বুস্টার এর ক্যাবল, ০১ (এক) টি ল্যাপটপ জব্দ করা হয়। অবৈধ জ্যামার, বুস্টার, রিপিটার এবং এর সাথে সংশ্লিষ্ট সরঞ্জামাদি বিক্রি করার অপরাধে ০২ (দুই) জনকে গ্রেফতার করা হয়েছে। উক্ত অবৈধ বেতারযন্ত্র বাজারজাত/বিক্রয় করার অপরাধে ধৃত আসামীগণের বিরুদ্ধে রাজধানীর মোহাম্মদপুর থানায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী মামলা রুজু করা হয়েছে।

এছাড়া, নিয়মিত অভিযানের অংশ হিসেবে গত ২০/০৪/২০২২, ২৫/০৪/২০২২ এবং ১১/০৫/২০২২খ্রিঃ তারিখে বিটিআরসি'র পরিদর্শকদল অনলাইন মার্কেট প্রেস Daraz, bdstall.com এবং ClickBD Limited এর অফিস সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শনকালে উক্ত প্রতিষ্ঠান সমূহের Web Portal/App থেকে এ সকল অবৈধ জ্যামার, বুস্টার, রিপিটার এবং বিটিআরসি'র অনমোদনবিহীন বেতার যন্ত্রপাতি বিক্রয়কারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে ব্লক করে এ সংক্রান্ত বিজ্ঞাপনসমূহ অপসারণ করা হয়েছে। একইসাথে, সামাজিক যোগাযোগ মাধ্যমের বিভিন্ন পেজ, লিংক এবং গ্রুপসমূহে এ ধরনের কোনো বিজ্ঞাপন পরিলক্ষিত হলে তা অপসারণ করা হচ্ছে।

সম্প্রতিকালে কমিশন কর্তৃক প্রতীয়মান হয়েছে যে, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে অবৈধভাবে জ্যামার স্থাপন করা হয়েছে। যার ফলে উক্ত ধর্মীয় প্রতিষ্ঠানের আশেপাশের আবাসিক ভবন, স্কুল, হাসপাতাল এবং অন্যান্য জরুরি সেবা কেন্দ্রসমূহের মোবাইল নেটওয়ার্ক বীধাগ্রস্ত হচ্ছে। তাই, এভাবে জ্যামার ব্যবহার থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, দেশের জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, টিভির স্ক্রলে এ সংক্রান্ত সংবাদ প্রচারসহ কমিশনের ভেরিফাইড ফেসবুক পেজের মাধ্যমে জ্যামার, বুস্টার ও রিপিটার ক্রয়/বিক্রয়/স্থাপন/ব্যবহার হতে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

কমিশনের নিয়মিত নজরদারি এবং বিভিন্ন গোয়েন্দা সংস্থার সক্রিয় তথ্যের ভিত্তিতে এ ধরনের সরাসরি অভিযান ও অনলাইন প্ল্যাটফর্ম মনিটরিং অব্যাহত রয়েছে। এবং জনসাধারণকে এ সমস্ত অবৈধ জ্যামার, বুস্টার, রিপিটার এবং বিটিআরসি'র অনমোদনবিহীন বেতার যন্ত্রপাতি ক্রয়/বিক্রয় এবং ব্যবহার হতে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে, অন্যথায় কঠোর পদক্ষেপ গৃহীত হবে।

অনুরোধক্রমে



(মো: জাকির হোসেন খান)

উপ-পরিচালক

(মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং)

বিটিআরসি

যোগাযোগঃ ০২৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

১। সচিব, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৩। ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৪। অফিস কপি।